



স্মারক নং-৩৭.০২.০০০০.১০৫.৩১.১৭৩.২০১৯/৩৬৪২/৫

তারিখ: ২১/০৫/১৪২৬ বঙ্গাব্দ
২২/০৯/২০১৯ খ্রিস্টাব্দ

বিষয়: আইনগত মতামত।

সূত্র: (ক) জেলা শিক্ষা অফিসার, সিরাজগঞ্জ এর পত্র নং-৭৬৮; ১১/০৩/২০১৯খ্রি.

(খ) অত্র অধিদপ্তরের পত্র নং-৩৭.০২.০০০০.১০৫.৩১.১৭৩.২০১৯/১৬৬২/৩; তারিখ: ০২/০৫/২০১৯খ্রি.

(গ) অধ্যক্ষের ২০/০৭/২০১৯খ্রি. তারিখের আবেদন।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, সিরাজগঞ্জ জেলার কামারখন্দ উপজেলাধীন নাসরিন ওয়াজেদ মহিলা ডিগ্রি কলেজের জনাব মোঃ ফজলুল হক সরকার, অধ্যক্ষকে এমপিওভুক্তির বিষয়ে আইনগত মতামত প্রদান করার জন্য অধ্যক্ষ সূত্র (ক) পত্র মোতাবেক জেলা শিক্ষা অফিসারের মাধ্যমে আবেদন করেন। সে প্রেক্ষিতে অত্র অধিদপ্তরের আইন শাখা ও বিজ্ঞ আইন উপদেষ্টার মতামত সূত্র (খ) পত্র মোতাবেক আইনগত মতামত জেলা শিক্ষা অফিসার, সিরাজগঞ্জ কে জানিয়ে পত্র দেয়া হয়। বর্ণিত বিষয়ে এমপিওভুক্তির নির্দেশনা প্রদান করার জন্য অধ্যক্ষ সূত্র (গ) পত্র প্রেরণ করেন।

জনাব মোঃ ফজলুল হক সরকার সিরাজগঞ্জ জেলার কানাবাড়ি শহিদুল বুলবুল কলেজে ১৩/১০/২০১৩খ্রি. তারিখে অধ্যক্ষ পদে যোগদান করে এমপিওভুক্ত হন। সেই সময়ে কানাবাড়ি শহিদুল বুলবুল কলেজের অর্থনীতি বিষয়ের সহকারী অধ্যাপক মোহাম্মদ আলী বিনা অনুমতিতে ৪০ দিনের বিষয়ভিত্তিক প্রশিক্ষণে গমন করলে তাকে কারণ দর্শানো হয় এবং সাময়িক বরখাস্ত করা হয়। বর্ণিত শিক্ষক কলেজের গভর্নিং বডি'র বিরুদ্ধে ২৯/১১ মামলা দায়ের করেন।

আইন শাখার মতামত: জনাব মোঃ ফজলুল হক সরকারকে নাসরিন ওয়াজেদ মহিলা ডিগ্রি কলেজে কলেজ কর্তৃপক্ষ অধ্যক্ষ পদে নিয়োগ দেন এবং তাঁর এমপিওভুক্তির জন্য প্রেরণ করেন। জনাব মোঃ ফজলুল হক সরকার সিরাজগঞ্জ জেলার শহিদুল বুলবুল ডিগ্রি কলেজে কর্মরত অবস্থায় তার বিরুদ্ধে এ কলেজের সহকারী অধ্যাপক জনাব মোঃ আলী সহকারী জজ আদালত, সিরাজগঞ্জ এ ভায়োলেন্স মিস কেস নং- ১২/২০১২ (দেওয়ানী মোকদ্দমা নং- ২৯/২০১১ থেকে উদ্ভূত) দায়ের করেন। উক্ত মামলায় মাননীয় আদালত বিগত ২৫/১০/২০১৮খ্রি. তারিখের আদেশে অধ্যক্ষ গণকে ২ মাসের দেওয়ানী কারাবাস প্রদান করেন এবং গ্রেফতারি পরোয়ানা জারি করেন। একই সাথে ১৩৭৪৫/- জরিমানা করেন।

উপরোক্ত ভায়োলেন্স মিস কেস নং- ১২/২০১২ এর ২৫/১০/২০১৮খ্রি. তারিখের আদেশের বিরুদ্ধে জনাব মোঃ ফজলুল হক সরকার জেলা জজ আদালত, সিরাজগঞ্জ এ মিস ভায়োলেন্স আপিল মামলা নং- ৬২/২০১৮ দায়ের করেন। উক্ত আপিল মামলা গৃহীত হয়। পূর্বের আদেশ স্থগিত করত: গ্রেফতারি পরোয়ানা Recall করা হয়। উপরোক্ত মামলার বিষয়ে বিজ্ঞ আইন উপদেষ্টার মতামত নেওয়া হলে তিনি মতামতে উল্লেখ করেন যে, উপরোক্ত মামলার কারণে জনাব মোঃ ফজলুল হক সরকারকে এমপিওভুক্ত করতে কোন বাধা নেই। জনবল কাঠামো অনুসরণ করে তাকে এমপিওভুক্ত করা যেতে পারে”।

বিজ্ঞ আইন উপদেষ্টার মতামত: “In such view of the matter, our opinion is that there is no bar to include the name of the above Principal in the MPO scheme of the newly appointed College as per Janobol Kathamo”.

এমতাবস্থায়, অত্র অধিদপ্তরের আইন শাখা ও বিজ্ঞ আইন উপদেষ্টার মতামত নির্দেশক্রমে অবহিত করা হলো।

সংযুক্তি: বিজ্ঞ আইন উপদেষ্টার মতামত।

১১.০৭.১১

(মো. আবদুল কাদের)

সহকারী পরিচালক (কলেজ-৩)

ফোন: ৯৫৫৬০৫৭

Email-college@dshe.gov.bd

অধ্যক্ষ

নাসরিন ওয়াজেদ মহিলা ডিগ্রি কলেজ

কামারখন্দ, সিরাজগঞ্জ

অনুলিপি:

- ১। সভাপতি, পরিচালনা পরিষদ, নাসরিন ওয়াজেদ মহিলা ডিগ্রি কলেজ, কামারখন্দ, সিরাজগঞ্জ।
- ২। উপপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, রাজশাহী অঞ্চল, রাজশাহী।
- ৩। জেলা শিক্ষা অফিসার, সিরাজগঞ্জ
- ৪। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, কামারখন্দ, সিরাজগঞ্জ।
- ৫। সংরক্ষণ নথি।